



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং- ২৪/০৩/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের পরশুরাম থানা পুলিশ কর্তৃক ০৩ টি ব্যাটারী চালিত অটোরিক্সা উদ্ধারসহ গ্রেফতার-০৩



গত ১৯/০২/২০২২ খ্রি. রাত্রে ০৮.০০ ঘটিকায় আরপিএমপি, রংপুর পরশুরাম থানাধীন চিলারঝাড় এলাকা থেকে মোঃ আলামীন সরকার (৩১) এর ব্যাটারী চালিত একটি অটোরিক্সা চুরি হয়। পরশুরাম থানা পুলিশ এ সংক্রান্তে অভিযোগ প্রাপ্ত হয়ে গত ২৩/০৩/২০২২ খ্রি. রাত ৮.১০ ঘটিকায় সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (পরশুরাম জোন) এর অপারেশন পরিকল্পনা ও নেতৃত্বে অফিসার ইনচার্জ (পরশুরাম থানা) এবং অন্যান্য অফিসার ও ফোর্সসহ আরপিএমপি পরশুরাম থানাধীন চিলারঝাড় এলাকাসহ আরপিএমপি কোতয়ালী থানা, হারাগাছ থানা ও রংপুর জেলার গঙ্গাচড়া থানার বিভিন্ন এলাকায় ২৩/০৩/২০২২ খ্রি. অনুমান রাত ২০.৫০ ঘটিকা হতে ২৪/০৩/২০২২ খ্রি. ভোর ০৫.০০ ঘটিকা পর্যন্ত অভিযান পরিচালনা করে ০৩ টি চোরাই ব্যাটারী চালিত অটোরিক্সা, ০৬ টি চাকার রিং, ০২ টি এক্সেল, ০২ টি রিক্সার হ্যাভেল, ০১ টি ফ্রক উদ্ধারসহ চোর চক্রের ০৩ জন সদস্যকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীরা হলো-

- ক) মোঃ নুর আলম (৫২), পিতা-মৃত জসিম উদ্দিন, সাং-পশ্চিম মান্দাইল,
- খ) মোঃ সবুজ মিয়া (২৬), পিতা-মোঃ আঃ মালেক, সাং-নিলকচন্ডী,
- গ) মোঃ লাল মিয়া (৪৫), পিতা-মোঃ ছমেস উদ্দিন, সাং- মৌভাষা মুন্সিটারী, সর্ব থানা-গংগাচড়া, জেলা- রংপুর।

উক্ত আসামীদের সাথে জিজ্ঞাসাবাদে জানা যায় যে তারা দীর্ঘদিন ধরে ব্যাটারীচালিত অটোরিক্সা চুরি ও অভ্যাসগতভাবে চোরাই মালামাল ক্রয়-বিক্রয়ের সাথে জড়িত।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে পরশুরাম থানায় ১টি চুরি মামলা দায়ের করা হয়।

২৪.০৩.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১